অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে বৈদ্যুতিক মোটরের উপাদান উৎপাদনের জন্য লকপোর্ট প্ল্যান্টে প্রায় 154 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে জেনারাল মোটর্স

নায়াগ্রা কাউন্টির ফেসিলিটির সংস্কার অবিলম্বে শুরু হবে

লক্ষ্য এবং বৈদ্যুতিক যানবাহনের প্রাপ্যতা ত্বরান্বিত করে নিউ ইয়র্কের কার্বন পদচিহ্ন হ্রাস করতে সহায়তা করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে জেনারেল মোটরস তার ওয়েস্টার্ন নিউ ইয়র্ক লকপোর্ট কম্পোনেন্টস (Lockport Components) প্ল্যান্টে প্রায় 154 মিলিয়ন ডলার বিনিয়োগ করার পরিকল্পনা করছে। বিনিয়োগটি ফেসিলিটিটি সংস্কার করতে এবং একটি বৈদ্যুতিক মোটরের একটি মূল উপাদান স্টেটর মডিউলের উৎপাদনে ব্যবহৃত নতুন যন্ত্রপাতি এবং সরঞ্জাম ক্রয় এবং ইনস্টল করার জন্য ব্যবহার করা হবে। বৈদ্যুতিক মোটরগুলি ব্যবহার করা হবে GM এর ভবিষ্যত আল্টিয়াম প্ল্যাটফর্ম-ভিত্তিক বিভিন্ন বৈদ্যুতিক ট্রাক এবং SUV-তে। ফেসিলিটির সংস্কার অবিলম্বে শুরু হবে।

"তাদের লকপোর্ট ফেসিলিটিতে এই বড় বিনিয়োগের সাথে, জেনারেল মোটরস একটি পুরোপুরি ইলেকট্রিক ভবিষ্যতকে অগ্রসর করার জন্য পরবর্তী পদক্ষেপ নিচ্ছে," **বলেন গভর্নর হোকল।** "এই বিনিয়োগ কেবল পশ্চিম নিউ ইয়র্কের অর্থনীতিকে উদ্দীপিত করবে না, বরং এটি পরিবহন সেক্টরকে বিদ্যুতায়ন করতে এবং জলবায়ু-পরিবর্তনকারী গ্রিনহাউস গ্যাস নির্গমন এবং বায়ু দূষণ কমাতে আমাদের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

জেরাল্ড জনসন, GM এর গ্লোবাল ম্যানুফ্যাকচারিং অ্যান্ড সাসটেইনেবিলিটির এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট বলেন, "লকপোর্টে GM এর বিনিয়োগ পশ্চিম নিউইয়র্কে নির্মাণের প্রতি আমাদের অঙ্গীকার এবং এই দলের প্রতি আমাদের আস্থা পুনর্ব্যক্ত করে কারণ তারা আমাদের ভবিষ্যতের EV ট্রাক এবং SUVগুলির জন্য আমাদের বৈদ্যুতিক মোটর অ্যাসেম্বলির একটি গুরুত্বপূর্ণ মডিউল তৈরি করবে৷ আমরা নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের প্রশংসা করি এবং এই বিনিয়োগ সম্ভব করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ কারণ ছিল।"

লকপোর্ট কম্পোনেন্টস (Lockport Components), যা আপার মাউন্টেন রোডে অবস্থিত একটি ইউনিয়নযুক্ত ফেসিলিটি, বৈদ্যুতিক মোটর কম্পোনেন্ট উৎপাদনের জন্য প্রস্তুত হয়, এই ফেসিলিটিটি GM এর বর্তমান ট্রাক এবং SUV উৎপাদনকে সমর্থন করে এমন বিভিন্ন উপাদান তৈরি করতে থাকবে। লকপোর্ট কম্পোনেন্টস বর্তমানে রেডিয়েটার, কনডেনসার, হিটার কোর,

ইভাপোরেটর, হিটিং, ভেন্টিলেশন এবং এয়ার কন্ডিশনিং (Heating, ventilation, and air conditioning, HVAC) মডিউল, অয়েল কুলার এবং বিভিন্ন GM ট্রাকে ব্যবহৃত অন্যান্য উপাদান তৈরি করে। GM বর্তমানে অনুমান করে যে লকপোর্ট কম্পোনেন্টস 2023-2026 এর মধ্যে প্রায় 230টি পদ যোগ করবে। প্রকৃত স্টাফিং পরিকল্পনাগুলি উৎপাদন শুরুর কাছাকাছি চূড়ান্ত করা হবে যখন EV মোটরের উপাদান উৎপাদন সমর্থন করার জন্য ফেসিলিটিটির রূপান্তর হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এক্সেলসিয়র জবস প্রোগ্রাম "সবুজ" বিনিয়োগ 5.65 মিলিয়ন ডলার পর্যন্ত ট্যাক্স ক্রেডিট প্রদান করবে বিনিয়োগের প্রতিশ্রুতির বিনিময়ে যাতে প্রকল্পটি অগ্রসর হতে পারে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও সিইও-মনোনীত হোপ নাইট বলেন, "অটো শিল্প পশ্চিম নিউ ইয়র্কের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালক। জেনারেল মোটরস এর নায়াগ্রা কাউন্টি ফেসিলিটির সংস্কার এই অঞ্চলটিকে পরবর্তী প্রজন্মের বৈদ্যুতিক যানবাহনের সাথে পথের নেতৃত্ব দিতে সাহায্য করবে এবং নিউ ইয়র্কের সবুজ অর্থনীতিতে রূপান্তরকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট লুইস্টনে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) নায়াগ্রা পাওয়ার প্রজেক্ট থেকে 18 মেগাওয়াট কম খরচের জলবিদ্যুতের বরাদ্দকরণের মাধ্যমেও অবস্থানটিকে সমর্থন করছে।

NYPA অন্তর্বর্তী প্রেসিডেন্ট এবং সিইও জাস্টিন ই. ড্রিসকল বলেছেন, "লকপোর্টে সম্প্রসারণের জেনারেল মোটরসের সিদ্ধান্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য দুর্দান্ত খবর৷ জেনারেল মোটরস দীর্ঘকাল ধরে পাওয়ার অথরিটির জলবিদ্যুৎ গ্রাহক, তাই এই অঞ্চলে সংস্থাটি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং কর্মসংস্থান সৃষ্টি করছে দেখা উত্তেজনাপূর্ণ।"

লকপোর্ট কম্পোনেন্টস 1910 সালে অটোমোটিভ রেডিয়েটার এবং উপাদান ডিজাইন, উৎপাদন এবং বিক্রির উদ্দেশ্যে হ্যারিসন রেডিয়েটর কোম্পানি হিসাবে প্রতিষ্ঠিত হয়েছিল। 1,500 জনেরও বেশি কর্মচারী সহ, সাইটটি UAW লোকাল 686, লোকাল 55 এবং প্ল্যানটের ব্যবস্থাপনার মধ্যে একটি যৌথ দলগত প্রক্রিয়ার মাধ্যমে ক্রমাগত উন্নতির উপর দৃষ্টি নিবদ্ধ করে।

সিনেটর রবার্ট অর্ট বলেছেন, "আমি খুশি যে জেনারেল মোটরস আজকের ঘোষণার মাধ্যমে লকপোর্টের জনগণ এবং শহরে তাদের বিনিয়োগের বিষয়টি পুনরায় নিশ্চিত করছে৷ ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভালো উৎপাদন ক্ষেত্রের চাকরি, আমাদের ভবিষ্যত অর্থনীতির জন্য উদ্ভাবন এবং একটি পরিবার গড়ে তোলার জন্য একটি উত্তেজনাপূর্ণ জায়গা প্রদানের ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারে এবং তা করা অব্যাহত রাখা উচিত।"

বিধানসভার সদস্য মাইকেল নরিস বলেছেন, "জেনারেল মোটরস এবং হ্যারিসন রেডিয়েটর সত্যিই আমাদের লকপোর্ট সম্প্রদায় এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি হয়ে দাঁড়িয়েছে বেশ কয়েক প্রজন্মের পরিশ্রমী ও নিবেদিতপ্রাণ কর্মী এবং শিল্পে উল্লেখযোগ্য উদ্ভাবনের মাধ্যমে৷ জেনারেল মোটরস, লকপোর্ট প্ল্যান্টে এই উল্লেখযোগ্য বিনিয়োগের মাধ্যমে,

এখন আমাদের অঞ্চল এবং কর্মশক্তির প্রতি তার প্রতিশ্রুতি পুনর্নবীকরণ করেছে, লকপোর্ট প্ল্যান্টকে অটোমোবাইল সেক্টরে পরবর্তী প্রজন্মের উদ্ভাবনের মূল অংশে পরিণত করেছে। লকপোর্ট এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অটল এবং দীর্ঘমেয়াদী নেতৃত্ব এবং ইতিহাসের জন্য আমি জেনারেল মোটরস এবং এর কর্মীবাহিনীর প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাতে চাই এবং আমি এর দল এবং অর্থনৈতিক উদ্যোগগুলির প্রতি সমর্থন অব্যাহত রাখার জন্য উন্মুখ হয়ে আছি যা ভালো বেতনের চাকরি বজায় রাখবে এবং বৃদ্ধি করবে আমাদের অঞ্চলে এই পরবর্তী উত্তেজনাপূর্ণ অধ্যায় শুরু হওয়ার সাথে সাথে।"

জেনারাল মোটর্স সম্পর্কে
জেনারেল মোটরস (NYSE:GM) একটি বৈশ্বিক কোম্পানী যা একটি সম্পূর্ণ-বৈদ্যুতিক ভবিষ্যতকে এগিয়ে নিয়ে যাওয়ার উপর দৃষ্টি নিবদ্ধ করে যা অন্তর্ভুক্তি,উলক এবং সকলের জন্য অ্যাক্সেসযোগ্য। এই কৌশলটির কেন্দ্রবিন্দুতে রয়েছে আল্টিয়াম ব্যাটারি প্ল্যাটফর্ম, যা গণ-বাজার থেকে উচ্চ-কর্মক্ষমতার গাড়ি পর্যন্ত সব কিছুকে শক্তি প্রদান করে। জেনারাল মোটর্স, তার অধীনস্থ সংস্থাগুলি এবং তার যৌথ উদ্যোগগুলি যান বিক্রি করে শেভরোলে, বুইক, GMC, ক্যাডিল্যাক, বাওজুন এবং উলিঙ ব্র্যান্ডের অধীনে। সংস্থাটির এবং অনস্টার সহ এর অধীনস্থ সংস্থাগুলি, যা যানবাহন নিরাপত্তায় এবং নিরাপত্তা পরিষেবায় একটি বৈশ্বিক নেতা, সেগুলি সম্পর্কে তথ্য পাওয়া যাবে https://www.gm.com এ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান অনুগ্রহ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন